বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmppd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/ক্রেবি/রুমাবি-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/ ২৫৪৪(১২৫০) তারিখ ঃ ১১-০৫-২০২১ খ্রিঃ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল(দঃ)/ টাঙ্গাইল(উঃ)/কিশোরগঞ্জ/শেরপুর/ জামালপুর/কুমিল্লা/লাকসাম/চাঁদপুর/ নোয়াখালী/ ফেনী/লক্ষীপুর/ চট্টগ্রাম (পুর্ব)/চট্টগ্রাম (পশ্চিম)/পটিয়া/কক্সবাজার/ মাদারীপুর/গোপালগঞ্জ/ বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ভোলা/ পটুয়াখালী /বরগুনা /বাগেরহাট/ ঝিনাইদহ/ মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা ও মৌলভী বাজার অঞ্চল।
শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বিষয় ঃ স্বনির্ভর ঋণ আদায়করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের পত্র নং প্রকা/ক্রেবি/রুমাবি-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/১২৪৭(১২০০) তারিখ ২৩-০৩-২০২১ এবং প্রকা/ক্রেবি (শাখা-৫)/রুমাবি-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/৪০০(১৬) তারিখ ১৯-০৮-২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ে বিতরণ সম্পূর্ণ স্থবির রয়েছে এবং শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণসমূহ আদায় না হওয়ায় বিতরণকৃত অনাদায়ী ঋণ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনার কমিটিতে আলোচনার প্রেক্ষিতে স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের পর বিকেবি'র নিজস্ব কর্মসূচির আওতায় এনে বিশেষ করে শস্য ঋণ/ বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ) টাকার হিসাবধারীদের পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় ঋণ প্রদান করা যেতে পারে। একই সাথে যে সকল শাখার স্বনির্ভর কর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ হতে না পারে সে বিষয়ে বিশেষ নজর দিতে হবে মর্মে মাঠ পর্যায়ে একাধিক পত্র প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে ২০২০-২০২১ অর্থবছরে স্বনির্ভর ঋণ খাতে অনাদায়ী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে।

০৩। স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ঋণ খেলাপী হয়ে পড়ায় BKB Risk Management Unit এর মার্চ/২০২১ ইং মাসের সভায় স্বনির্ভর ঋণ খাতে ব্যাংকের ৩৪টি আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় এর ঋণ আদায়ের অগ্রগতির লক্ষ্যে প্রতিটি অঞ্চলের ০১(এক)জন সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তাদের মাধ্যমে তদারকি করে অনাদায়ী ঋণ কমিয়ে আনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। BKB Risk Management Unit এর সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের ৩৪টি আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা/(যদি না থাকে) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে স্বনির্ভর ঋণ খাতে বিতরিত ঋণ আদায়ের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হলো। স্বনির্ভর খাতে খেলাপী ঋণ হ্রাস করার জন্য বিতরিত ঋণ আদায় সাপেক্ষে খাত পরিবর্তন করে প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুসরন করে কৃষি ঋণ/১০ টাকার হিসাবধারীদেরকে ক্ষুদ্র ব্যবসার জন্য ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং যে সকল ঋণ গ্রহীতাদের ঋণ পরিশোধের সক্ষমতা কম এবং ঋণ আদায়ের সকল কলাকৌশল প্রয়োগ করেও ঋণ আদায় সম্ভব হচ্ছে না সেসব ক্ষেত্রে ব্যাংকের ঋণ আদায় বিভাগের বিদ্যমান সুদ মওকুফ নীতিমালা পরিপত্র নং ০২/২০১৮ তারিখ ০৬-০৮-২০১৮ এর আলোকে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ করে ঋণ আদায়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৫। এমতাবস্থায়, উল্লেখিত খাতে শ্রেণীকৃত স্থিতি হ্রাস করার জন্য সংশ্লিষ্ট ৩৪টি আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা/ (যদি না থাকে) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তদারকি নিশ্চিতকরণ এবং মাসিক ভিত্তিতে মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র বিভাগে সংযুক্ত ছকে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি-০১(এক)। অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
১১/০৫/২০২১
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৪। উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাকে উপরোক্ত পত্রটি সংযুক্তিসহ বিকেবি'র নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি।

Hsarkar
১১.০৫.২০২১
(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

D:\199 Swanirvor\Letter all Region 03-09-2019.doc

বাংলাদেশ কৃষি ব্যাংক

.........................শাখা/অঞ্চল/মুখ্য অঞ্চল।

ছক

বিষয় ঃ স্বনির্ভর ঋণ আদায় বিবরণী।

মাসের নাম...........................................

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | অঞ্চলের নাম | শাখার নাম | ২০২০-২০২১ লক্ষ্যমাত্রা | | চলতি মাসে স্বনির্ভর খাতে আদায়কৃত ঋণের | | পুঞ্জিভূতস্বনির্ভর খাতে আদায়কৃত ঋণের | | চলতি মাসে পরিবর্তিত ১০ টাকা হিসাধারীদের খাতে বিতরিত ঋণের | | পুঞ্জিভূত পরিবর্তিত ১০ টাকা হিসাধারীদের খাতে বিতরিত ঋণের | | চলতি মাসে কৃষি খাতে বিতরিত ঋণের | | পুঞ্জিভূত কৃষি খাতে বিতরিত ঋঋণের | | চলতি মাসে মোট পরিবর্তিত খাতে বিতরিত ঋণের | | পুঞ্জিভুত মোট পরিবর্তিত বিতরিত ঋণের | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |